# Sanskrit General

Semester- 4 (CC-A4)

Topic- Section-A

Unit- 1

Samjnaprakarana

সংজ্ঞাপ্রকরণম্

By Arpita Rana

Scanned by CamScanner

Scanned with CamScanner

Sem-IV (General) Sanskrit CBCS

লঘুসিদ্ধান্তকৌমুদী  Section-A (Unit-1)

সংজ্ঞাপ্রকরণম্

১। আদিরন্ত্যেন সহেতা ১।১।৭১ [আদিরন্ত্যেন সহেতা]

শীর্ষকম্— আলোচ্য সূত্রটি অনাদি সংজ্ঞাবিধায়ক সংজ্ঞা সূত্রম্, অর্থাৎ অন্, অক্, অচ্, হল্ প্রভৃতি যে সংজ্ঞা গুলি আছে সেই সব সংজ্ঞা গুলির বিধায়ক সূত্র এটি,

পদচ্ছেদ— আলোচ্য সূত্রটিতে চারটি পদ আছে, আদি: — প্রথমার একবচন, অন্ত্যেন - তৃতীয়ার একবচন, সহ - অব্যয়পদ, ইতা - তৃতীয়ার একবচন,

সমাস— সূত্রটিতে সমাসান্ত কোন পদ নেই,

অনুবৃত্তি— আলোচ্য সূত্রে 'স্বং রূপং শব্দস্যাশব্দসংজ্ঞা' (১।১।৬৮) সূত্র থেকে 'স্বম্' পদটির অনুবৃত্তি হবে, এবং 'স্বম্' পদটি (ষষ্ঠীর একবচনে) বিভক্তির বিপরিনামের দ্বারা স্বস্য হবে, ~~তাহলে সূত্রে পাঁচ~~

বৃত্তি— অন্ত্যেনেতা সহিত আদির্মধ্যগানাং স্বস্য চ সংজ্ঞা স্যাৎ যথাহনিতি অইউবর্ণানাং সংজ্ঞা, এবমচ্‌হললিত্যাদয়:,

অর্থ— অন্তে অবস্থিত ইৎসংজ্ঞক বর্ণের সহিত আদি বর্ণ, মধ্যস্থিত বর্ণসমূহের এবং নিজের (আদির) সংজ্ঞা হয়, যথা- অন্ ইতি অইউ বর্ণের সংজ্ঞা, এইরূপে অচ্, হল্, অল্ ইত্যাদি বুঝতে হবে,

Scanned by CamScanner

অইউণ্ ১। ঋঌক্ ২। এওঙ্ ৩। ঐঔচ্ ৪। হযবরট্ ৫।
লণ্ ৬। ঞমঙণনম্ ৭। ঝভঞ্ ৮। ঘঢধষ্ ৯। জবগডদশ্ ১০।
খফছঠথচটতব্ ১১। কপয্ ১২। শষসর্ ১৩। হল্ ১৪।

[মাহেশ্বরসূত্র]

আলোচনা— অন্ত্যেন ইতা সহিত আদিঃ — এই অংশটুকু
হল সংজ্ঞা অর্থাৎ এখানে প্রত্যাহার গঠনের নিয়ম
বলা আছে, যেমন— অন্ একটি প্রত্যাহার বা সংজ্ঞা,
অন্ বলতে আমরা কোন কোন বর্ণ গুলিকে বুঝবো
তার জন্য আছে বৃত্তির পরের অংশটুকু — মধ্যগানাং চ স্বস্য চ,
এই সূত্রে প্রত্যাহার সিদ্ধির নিয়মটি বলা
হচ্ছে। দুটি বর্ণ নিয়ে একটি প্রত্যাহার বা সংজ্ঞা গঠিত হয়,
প্রত্যাহারে একটি আদি বর্ণ ও একটি অন্ত্য বর্ণ থাকবে, আদি
শব্দের অর্থ হল যার আগে কিছু নেই কিন্তু পরে কিছু আছে,
অন্ত্য শব্দের অর্থ হল যার পরে কিছু নেই, কিন্তু পূর্বে কিছু আছে,
আদি ও অন্ত্য মিলিত হলে বুঝতে হবে উভয়ের মধ্যবর্তী কিছু
বর্ণ অবশ্য আছে, এবং তাদের মিলনে গঠিত সংজ্ঞা বা প্রত্যাহার
ঐ বর্ণগুলির বোধক হবে,

যেমন — ধরা যাক অচ্ প্রত্যাহার। এখানে আদি বর্ণ
হল অইউণ্ - এই সূত্রের প্রথম বর্ণ অকার এবং অন্ত্য বর্ণ হল
ঐঔচ্ সূত্রের শেষে অবস্থিত চকার। সুতরাং অচ্ বলতে
আমরা বুঝবো অকার এবং চকারের মধ্যবর্তী বর্ণগুলিকে

Scanned by CamScanner

অর্থাৎ ই, উ, ঋ, ৯, এ, ও, ঐ, ঔ এই বর্ণগুলিকে এবং স্বত্য (নিজের) আদি বর্ণের নিজেরও গ্রহণ তা বোধ হবে, ~~বর্ণেরও গ্রহণ বর্ণকেও বুঝতে হবে~~, অর্থাৎ অচ্ বলতে আমরা অকার এবং অকার ও চকারের মধ্যবর্তী বর্ণ গুলিকে বুঝবো, তবে সমস্ত ব্যাপারটাই বিবেচনা করতে হবে মাহেশ্বর সূত্রের ভিত্তিতে ও তাদের নির্দিষ্ট ক্রমে,

তবে আদিবর্ণ ও অন্ত্যবর্ণের কয়েকটি বৈশিষ্ট্য আছে- আদি বর্ণ হয় মাহেশ্বর সূত্রের যে কোন একটি স্বরবর্ণ বা ব্যঞ্জনবর্ণ, অন্ত্য বর্ণ হয় মাহেশ্বর সূত্রের যে কোন ইৎ সংজ্ঞক বর্ণ। তবে আদিবর্ণ কথার অর্থ এই নয় যে বর্ণ টিকে অবশ্যই কোন মাহেশ্বর সূত্রের প্রথম বর্ণ হতে হবে, অনেক ক্ষেত্রে তা নাও হতে পারে। যেমন- হক্, যন্ ইত্যাদির ক্ষেত্রে, ~~অর্থাৎ আদি ও~~ তবে অন্ত্য বর্ণটিকে অবশ্যই ইৎ সংজ্ঞক বর্ণ হতে হবে, অর্থাৎ আদি ও অন্ত বুঝতে হবে সূত্রের অপেক্ষায় নয়, পরিকল্পিত সমুদায়ের অপেক্ষায়, যেমন- ই উ ঋ ৯ এই সমুদায়কে বোঝাতে চাইলে আদি বর্ণ হবে অইউন্ সূত্রের দ্বিতীয় বর্ণ, প্রত্যাহারটি হবে ইক্,

এখন প্রশ্ন হতে পারে 'স্বাং রূপং শব্দস্যাশব্দসংজ্ঞা'- এই সূত্র থেকে আগত স্বম্ পদটির দ্বারা কেবল আদি বর্ণের কেন গ্রহণ হবে? অন্তিম বর্ণটির গ্রহণ হবে না কেন?

উত্তর- সূত্রে ইতা পদটিতে তৃতীয়া বিভক্তি আছে,

এখানে তৃতীয়া বিভক্তি হয়েছে সহ শব্দ যোগে (সহযুক্তেঽপ্রধানে ২/৩/১৯ সূত্রের দ্বারা), যথা- পুত্রেণ সহ পিতা গচ্ছতি, কুত্র তৃতীয়াবিভক্তি: ? - অপ্রধানে, তাহলে এখানে ইৎ শব্দটি অপ্রধান, অর্থাৎ দুটি বর্ণের মধ্যে আদি বর্ণ প্রধান ও অন্ত্য বর্ণ অপ্রধান, প্রধানের গ্রহণ হয়েছে, অপ্রধানের গ্রহণ হয়নি।

প্রশ্ন— আমরা জানি অচ্ প্রত্যাহার বা সংজ্ঞার দ্বারা অ, চ্-এর মধ্যবর্তী বর্ণগুলির এবং স্বস্য অর্থাৎ প্রথম বা আদি বর্ণের গ্রহণ হবে কিন্তু এখন প্রশ্ন হতে পারে ণ্, ক্, ঙ্, চ্ - এই বর্ণগুলির গ্রহণ হবে না কেন? কারণ এই বর্ণগুলিও প্রত্যেকটি অ, চ্ এর মধ্যবর্তী বর্ণ?

উত্তর— প্রত্যাহারেষু ইতাং ন গ্রহণম্॥ অর্থাৎ প্রত্যাহার প্রসঙ্গে ইৎ বর্ণগুলির গ্রহণ হবে না।

'আদিরন্ত্যেন সহেতা' সূত্রের দ্বারা যে সংজ্ঞা গঠিত হয় তাকে প্রত্যাহার বলা হয়, প্রত্যাহার কথাটির অর্থ হল বর্ণসমূহের সংক্ষেপ - প্রত্যাহ্রিয়ন্তে সংক্ষিপ্যন্তে বর্ণা অনেন ইতি প্রত্যাহারঃ। মাহেশ্বর সূত্র হইতে ৪২টি প্রত্যাহার পাণিনি ব্যবহার করেছেন, তবে কারোর কারোর মতে প্রত্যাহারের সংখ্যা - ৪৪টি।

Scanned by CamScanner
Scanned with CamScanner